504 বিশেষ ব্যবস্থা: শিক্ষার্থী ও পরিবারের গাইড

রিহ্যাবিলিটেশন অ্যাক্টের সেকশন 504 অনুযায়ী পাবলিক স্কুলগুলি যোগ্য প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীকে পরিষেবা এবং বিশেষ সুবিধা প্রদান করতে বাধ্য। এইসব পরিষেবা বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থীদেরকে পূর্ণভাবে স্কুল কর্মকাণ্ডে অংশগ্রহণে সহায়তা প্রদান করে। এই গাইড ব্যাখ্যা দেয় কারা এই বিশেষ সুবিধার যোগ্য, কীভাবে আবেদন করা যেতে পারে, এবং কীভাবে বিশেষ সুবিধা পরিকল্পনাগুলি তৈরি করা হয়।

ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর ওয়েবসাইট থেকে সেকশন 504 সম্পর্কে আরও জেনে নিন। আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করেও আপনি আরও জানতে পারেন।

কোন্ শিক্ষার্থীরা 504 বিশেষ সুবিধার যোগ্য?

শিক্ষার্থীরা যোগ্য বিবেচিত হবে যদি:

1. তাদের কোন শারীরিক বা মানসিক বৈকল্য থাকে, এবং কোন IEP না থাকে।
2. এই বৈকল্য উল্লেখযোগ্যভাবে তার কোন একটি ন্যূনতম প্রধান জীবন কর্মকাণ্ডকে সীমিত করে।

1. শারীরিক অথবা মানসিক প্রতিবন্ধিতা

শারীরিক অথবা মানসিক প্রতিবন্ধিতার কিছু উদাহরণ হলো শারীরিক প্রতিবন্ধিতা, স্বাস্থ্য অবস্থা, মানসিক বৈকল্য, এবং শিক্ষণ প্রতিবন্ধিতা।

- স্বল্প মেয়াদি প্রতিবন্ধিতা (যেমন ভাঙ্গা পা) একজন শিক্ষার্থীকে 504 বিশেষ সুবিধার যোগ্য করতে পারে। এই নির্ভর করে প্রতিবন্ধিতার ধরনের উপর, কতদিন সেই অবস্থাটি থাকে, এবং সেটি কতটা গুরুতর।
- কিছুদিন পর পরের প্রতিবন্ধিতা (যেমন হাঁপানি) একজন শিক্ষার্থীকে 504 বিশেষ সুবিধার যোগ্য করতে পারে। শিক্ষার্থীরা যোগ্য হয় যখন প্রতিবন্ধিতা কার্যকর থাকলে উল্লেখযোগ্যভাবে একটি প্রধান জীবন কর্মকাণ্ড সীমিত হয়।

2. জীবনের গুরুত্বপূর্ণ কাজকর্মের উদাহরণ

- নিজের যত্ন নেয়া
- হাঁটা
- দেখা
- হিয়ারিং
- স্পিকিং
- শ্বাস নেয়া
- খাওয়া
- ঘুমানো
- দাঁড়ানো
- উত্তলন করা
- বাঁকানো
- রিডিং
- মনোনিবেশ
- চিন্তা
- যোগাযোগ
- শিক্ষণ
- কাজ
- হাত দিয়ে কোন কাজ করা

আপনার সন্তানের কি কোন প্রতিবন্ধিতা আছে যা তাকে উপরে তালিকাভুক্ত কোন জীবনের কাজকর্ম সম্পন্ন করা থেকে বিরত রাখে? যদি তাই হয়, আপনার সন্তান সেকশন 504-এর অধীনে বিশেষ সুবিধা লাভের যোগ্য হতে পারে। সঠিক ফরমগুলি স্কুলে জমা দেয়া হলে, প্রত্যেক শিক্ষার্থীর আবেদন পৃথকভাবে পর্যালোচনা করা হবে।

সেকশন 504-এর আওতায় যোগ্য শিক্ষার্থীদের জন্য কী কী বিশেষ সুবিধা লভ্য?

আপনার সন্তান স্বাস্থ্য পরিষেবা, শিক্ষা-সংক্রান্ত বিশেষ সুবিধা, অথবা উভয়েরই যোগ্য হতে পারে।

- স্বাস্থ্য পরিষেবা হলো ওইসব পরিষেবা যা যেসব শিক্ষার্থীর ওষুধ নেয়া (যেমন ইনসুলিন) অথবা স্কুলে কোন বিশেষ নার্সিং চিকিৎসা প্রয়োজন তাদের লেগে থাকে। এইসব পরিষেবার জন্য, অনুগ্রহ করে প্রাসঙ্গিক মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফরম (MAF) অথবা মেডিক্যালি প্রেসক্রাইবড্ ট্রিটমেন্ট ফরম আপনার সন্তানের স্কুলে জমা দিন।
- শিক্ষা-সংক্রান্ত বিশেষ সুবিধা হলো সেইসব শিক্ষার্থীর জন্য যাদের বিল্ডিং, ক্লাসরুম অথবা টেস্টিং বিশেষ সুবিধার প্রয়োজন রয়েছে। শিক্ষা-সংক্রান্ত বিশেষ সুবিধা উদাহরণস্বরূপ, যেসব শিক্ষার্থীর শোনায় সমস্যা রয়েছে তাদেরকে ব্ল্যাকবোর্ডের কাছে বসার ব্যবস্থা করা প্রয়োজন। অন্য শিক্ষার্থীদের পরীক্ষায় বিরতির, অথবা বাড়তি সময়ের প্রয়োজন থাকতে পারে। এইসব বিশেষ সুবিধার জন্য, অনুগ্রহ করে রিকোয়েস্ট ফর সেকশন 504 অ্যাকোমডেশন ফরম, মেডিকেল রিভিউ ফর 504 অ্যাকোমডেশন এবং HIPAA ফরম আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরের কাছে জমা দিন।

আমি কীভাবে বিশেষ সুবিধার অনুরোধ করব?

একটি MAF, মেডিক্যালি প্রেসক্রাইবড্ ট্রিটমেন্ট ফরম এবং/অথবা রিকোয়েস্ট ফর সেকশন 504 অ্যাকোমডেশন ফরম পূরণ করুন। সকল ফরম DOE ওয়েবসাইটের স্কুল হেলথ্ ফরম পেজে রয়েছে। ফরমগুলির জন্য আপনি আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরকেও জিজ্ঞেস করতে পারেন।

অনুগ্রহ করে পূরণকৃত ফরমগুলি আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটর কাছে ফেরত দিন। যেকোন মেডিকেশন অথবা মেডিকেল ট্রিটমেন্ট ফরম বিল্ডিংয়ের স্কুল নার্স/মেডিকেল প্রফেশনালের কাছে যাবে। শিক্ষা-সংক্রান্ত বিশেষ সুবিধার জন্য, 504 কোঅর্ডিনেটর একটি মিটিংয়ের আয়োজন করতে আপনার সাথে যোগাযোগ করবে যা আপনার প্রাথমিক অনুরোধের 30 দিনের মধ্যে হবে। এই মিটিংয়ে, স্কুলের 504 টিম আপনার অনুরোধ এবং আপনার সন্তান সম্পর্কিত প্রসঙ্গিক তথ্য পর্যালোচনা করবে। আপনার সন্তান বিশেষ সুবিধার যোগ্য কিনা 504 টিম সে সিদ্ধান্ত নেবে। তারা এটিও সিদ্ধান্ত নেবে কোন্ বিশেষ সুবিধাগুলি সবচেয়ে উপযুক্ত।

504 শিক্ষা-সংক্রান্ত বিশেষ সুবিধার মিটিংয়ে কারা যায়?

504 মিটিংয়ে ওইসব ব্যক্তিই থাকে যাদের আপনার সন্তানের ক্ষমতা সম্পর্কে ধারণা রায়েছে। তারা সেসব তথ্য বোঝে যা পর্যালোচনা করা হচ্ছে এবং আপনার সন্তানের চাহিদা পূরণের জন্য যেসব বিশেষ সুবিধার প্রয়োজন সেগুলির ধরন সম্পর্কে জানে।মিটিংয়ে অংশগ্রহণের জন্য পিতামাতাদের সবসময়ই আমন্ত্রণ জানানো হয়।

504 মিটিং অবশ্যই ন্যূনতম দুজন ব্যক্তিকে অন্তর্ভুক্ত করবে যারা:

- আপনার সন্তানের ক্ষমতা এবং দক্ষতা নিয়ে কথা বলতে পারবে। (আপনার সন্তানের

শিক্ষক অথবা গাইডেন্স কাউন্সেলর অংশগ্রহণ করতে পারেন।)

- **রিপোর্ট অথবা মূল্যায়ন ব্যাখ্যা।** (স্কুল সোশ্যাল ওয়ার্কার অথবা নার্স অংশ নিতে পারেন।)
- **আপনার সন্তানের চাহিদা পূরণ করতে পারে এমন বিশেষ সুবিধা সম্পর্কিত তথ্য শেয়ার** (504 কোঅর্ডিনেটর অংশ নিতে পারেন।)

মিটিংয়ে কী ধরনের তথ্য পর্যালোচিত হয়?

504 টিম ওইসব তথ্য পর্যালোচনা করবে যা আপনার সন্তানের ক্ষমতা এবং চাহিদার বিবরণ দেয়। কিছু ভিন্ন ভিন্ন সূত্র থেকে তথ্য আসবে। টিম আপনার সন্তানের পরীক্ষা, পর্যবেক্ষণ, কাজের নমুনা, রিপোর্ট কার্ড, এবং স্বাস্থ্য রেকর্ড পর্যালোচনা করতে পারে। এতে টিমের জন্য আপনার সন্তানের ক্ষমতা, সাফল্য, আচরণ, এবং স্বাস্থ্য চাহিদা বুঝতে সহায়ক হবে। শিক্ষার্থীর সামর্থ্য ও চাহিদার সেরা বিবরণ দেয় এমন যেকোন তথ্য পিতামাতা ও স্কুল কর্মচারীরা উপস্থাপন করতে পারেন।

আপনার সন্তানের ডাক্তারের কাছ থেকে রোগ-নির্ণয় বিষয়ে জানুন এবং পরামর্শ নিন

আপনার সন্তানের ডাক্তার অবশ্যই 504 বিশেষ সুবিধার জন্য মেডিকেল রিভিউ পূরণ করবে। স্কুলকে নির্দিষ্ট কিছু বিশেষ সুবিধা প্রদানের জন্য ডাক্তার পরামর্শ দিতে পারে। 504 টিম সিদ্ধান্ত নেবে পরামর্শ দেয়া বিশেষ সুবিধাগুলি উপযুক্ত কিনা, এবং স্কুল সেগুলি কীভাবে প্রদান করবে।

যোগ্যতা কীভাবে নিরূপিত হয়?

504 টিম বিবেচনা করবে আপনার সন্তানের প্রতিবন্ধিতা উল্লেখযোগ্যভাবে তার প্রধান কোন জীবন কর্মকাণ্ডকে সীমিত করে কিনা। তারা মিটিংয়ে পর্যালোচিত তথ্যের ভিত্তিতে এই সিদ্ধান্ত গ্রহণ করবে। 504 টিম বিবেচনা করবে আপনার সন্তানের প্রতিবন্ধিতা স্কুলে তার কার্যসম্পাদনা অথবা অংশগ্রহণের উপর উল্লেখযোগ্য অভিঘাত ফেলে কিনা।

শিক্ষার্থীরা কি 504 পরিকল্পনা দিয়ে সম্পর্কিত পরিষেবা লাভ করতে পারে?

না, আপনার সন্তান 504 পরিকল্পনার মাধ্যমে সম্পর্কিত পরিষেবা পেতে পারে **না**। সম্পর্কিত পরিষেবার উদাহরণগুলির মধ্যে আছে ফিজিক্যাল থেরাপি, স্পিচ থেরাপি, এবং কাউন্সেলিং পরিষেবা। যদি মনে করা হয় আপনার সন্তানের এইসব পরিষেবার প্রয়োজন আছে, 504 টিম তাকে স্কুলে অথবা ডিস্ট্রিক্ট কমিটি অন স্পেশাল এডুকেশনে রেফার করবে।

স্বাস্থ্য/চিকিৎসাগত বিশেষ সুবিধার জন্য আমার সন্তানের কি 504 পরিকল্পনার দরকার আছে?

যেসব শিক্ষার্থীর স্কুলে স্বাস্থ্য পরিষেবার প্রয়োজন রয়েছে তাদের সকলের 504 পরিকল্পনার দরকার নাও হতে পারে। আপনার সন্তানের স্বাস্থ্য পরিষেবা স্কুলে তার পূর্ণ অংশগ্রহণের ক্ষমতাকে প্রভাবিত করে না, তারপর তার 504 পরিকল্পনার প্রয়োজনও নেই।

- **উদাহরণ 1:** একজন শিক্ষার্থীকে তার ওষুধ খাবার জন্য প্রতিদিন লাঞ্চের সময় নার্সের অফিসে যেতে হয়। তার অন্য কোন সহায়তা অথবা বিশেষ সুবিধার প্রয়োজন নেই।
    - **এই শিক্ষার্থীর 504 পরিকল্পনার দরকার নেই।**
- **উদাহরণ 2:** স্কুল চলাকালে, দিনের বিভিন্ন সময়ে কোন শিক্ষার্থীর ডায়াবিটিস থাকলে তাকে অবশ্যই তার রক্তে গ্লুকোজের লেভেল মনিটর করতে হবে, নির্দিষ্ট সময়ে ইনসুলিন নিতে হবে এবং তার ডায়াবেটিস প্রযত্নের জন্য বাথরুমের বিরতি প্রয়োজন এবং গ্লুকাগন লাগতে পারে।
    - **এই শিক্ষার্থীর 504 পরিকল্পনার দরকার নেই।**

বিশেষ সুবিধার ব্যবস্থা কীভাবে করা হয়?

504 টিম সিদ্ধান্ত গ্রহণ করে কোন্ বিশেষ সুবিধাগুলি আপনার সন্তানের চাহিদা সর্বোচ্চ পূরণ করে। টিম বিবেচনা করবে আপনার সন্তানের কী রকম অবস্থা, এবং সেটি কতটা গুরুতর। তারা বিশেষ সুবিধাগুলি বেছে নেবে যা আপনার সন্তানকে স্কুলে তার অংশগ্রহণে সমান সুযোগ প্রদান করবে।

আমার সন্তান একবার যোগ্য বিবেচিত হলে, সে কি সবসময় ওই বিশেষ সুবিধার যোগ্য বিবেচিত হবে?

সেকশন 504 পরিকল্পনাসমূহ অবশ্যই স্কুল বছর শেষ হবার আগে প্রতি বছর পর্যালোচনা করা হবে, এবং প্রয়োজনবোধে ওই সময় সংশোধন করা হবে।

আপনার সন্তানের প্রতিবন্ধিতা যদি অব্যাহত থেকে উল্লেখযোগ্য মাত্রায় তার স্কুল কর্মকাণ্ডে অংশগ্রহণ সীমিত করে, সে বিশেষ সুবিধার যোগ্য থাকবে। যদি সিদ্ধান্ত হয় যে, শিক্ষার্থীর প্রতিবন্ধিতা আর তার জীবনযাপনের কোন গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডকে সীমিত করছে না, তাহলে শিক্ষার্থী আর বিশেষ সুবিধার যোগ্য থাকবে না (তার 504 প্ল্যান বন্ধ হয়ে যায়)।

আমি কী রকম যোগাযোগ পাবো?

স্কুলগুলি NYC DOE সেকশন 504 পলিসি সম্পর্কে আপনার সাথে যোগাযোগ করবে। সব স্কুল দেখা যায় এমন স্থানে সেকশন 504-এর অধীনে নোটিস অভ নন-ডিসক্রিমিনেশন পোস্ট করে এবং জানিয়ে দেয়।

যদি 504 টিম সিদ্ধান্ত নেয় যে আপনার সন্তান 504 বিশেষ সুবিধার যোগ্য, আপনি পাবেন:

- **একটি যোগ্যতার নোটিস এবং 504 পরিকল্পনা।** 504 পরিকল্পনা আপনাকে জানাবে কোন্ বিশেষ সুবিধাগুলি আপনার সন্তানের জন্য স্কুর সুপারিশ করেছে। আপনি পর্যালোচনা এবং 504 পরিকল্পনার সাথে সম্মত হবার জন্য দশ দিন সময় পাবেন। আপনি যদি আপনার স্কুলের সিদ্ধান্তের সাথে একমত না হন, আপনি আপনার স্কুলের বরো /সিটিওয়াইড অফিস হেলথ্ ডিরেক্টরের সাথে কথা বলুন। যোগাযোগের তথ্য স্কুল জোগাবে।
- পুন: অনুমোদনের একটি বার্ষিক নোটিস। এই চিঠিতে আপনাকে বলা থাকবে পরবর্তী স্কুল বছরে আপনার সন্তানের 504 পরিকল্পনা রিনিউ করতে আপনাকে কী কী পদক্ষেপ নিতে হবে।

আপনার আর কোনো প্রশ্ন আছে?

- আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।
- DOE ওয়েবসাইট থেকে বিশেষ সুবিধা সম্পর্কে আরও জানুন।